

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরনি
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd

নং: ৩৩.০২.০০০০.১০৩.২৮.০০৭.৮৬-৭৬


তারিখ: ২২/০২/২০২১

“আদেশ”

মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-এর অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বেগম হোছনে আরা চৌধুরী-এর জন্ম তারিখ ০১/০৩/১৯৬০ খ্রি. তারিখ অনুযায়ী ২৮/০২/২০১৯ খ্রি. তারিখ ৫৯ (উনষাট) বৎসর পূর্ণ হওয়ায় সংশোধিত গণকর্মচারী (অবসর) আইন ১৯৭৪ এর ৪ ও ৭ ধারা এবং অর্থ মন্ত্রণালয়ের ০৬/৪/২০১০ খ্রি. তারিখের অম/অবি/প্রবি-১/চা:বি:-৩/২০১০ (অংশ-৩)/৬২ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক নিম্নবর্ণিতভাবে অবসর উত্তর ছুটি মঞ্জুর করা হলো।

১৯৫৯ সনের ছুটি বিধির ৩(১)(i) ধারামতে তাঁর মজুদকৃত ০২ বছর ০১ মাস ২৮ দিন (৭৮৮ দিন) পূর্ণগড় বেতনে এবং ০২ বছর ০২ মাস ২৮ দিন (৮১৮ দিন) অর্ধগড় বেতনে ছুটি মজুদ রয়েছে। পূর্ণগড় বেতনে প্রাপ্য ছুটি হতে ০১/০৩/২০১৯ খ্রি. তারিখ হতে ২৮/০২/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত ০১ বৎসর (বার মাস) পূর্ণগড় বেতনে অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো। তিনি আগামী ০১/০৩/২০২০ খ্রি. তারিখ পূর্ণ অবসর গ্রহণ করবেন।

বেগম হোছনে আরা চৌধুরী, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-কে এস,আর,ও নং- ৩৬৯-আইন/২০১৫, তারিখঃ ১৫-১২-২০১৫ খ্রি. জাতীয় বেতন স্কেল/ ২০১৫ অনুযায়ী এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ-এর ১৪-১০-২০১৫ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮১ সংখ্যক অফিস আদেশ মোতাবেক পদাধিকারীর অবসর উত্তর ছুটি বাদে অতিরিক্ত ০১ বছর ০১ মাস ২৮ দিন পূর্ণগড় বেতনে এবং ০২ বছর ০২ মাস ২৮ দিন অর্ধগড় বেতনে প্রাপ্য ছুটি থেকে ১৮ (আঠার) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ অর্থাৎ মূলবেতন ২০,৮১০x১৮=৩,৭৪,৫৮০/- (তিন লক্ষ চুয়ত্তর হাজার পাঁচশত আশি টাকা মাত্র) টাকা ছুটির নগদায়ন (ল্যাম্পগ্র্যান্ট) হিসেবে উত্তোলনের মঞ্জুরী প্রদান করা হলো।



(মোঃ রমজান আলী)

উপপরিচালক (প্রশাসন)

ফোন : ০২-৯৫৬৯৩৫৫

ddadmin@fisheries.gov.bd

সাক্ষর


তারিখ: ২২/০২/২০২১

নং: ৩৩.০২.০০০০.১০৩.২৮.০০৭.৮৬-৭৬/১(৬)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২. পরিচালক (অভ্যন্তরীণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪. উপজেলা মৎস্য কর্মকর্তা (স্টাফ অফিসার), মহাপরিচালক মহোদয়ের একান্ত শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৫. বেগম হোছনে আরা চৌধুরী, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৬. অত্র অধিদপ্তরের ক্যাশ/ হিসাব শাখা।
৭. সংশ্লিষ্ট নথি।

উপপরিচালকের পক্ষে



(মোহাম্মদ কামরুজ্জামান)

সহকারী পরিচালক (প্রশাসন-২)

ফোন-০২-৯৫৬৬১০৩

adadmin_2@fisheries.gov.bd

সাক্ষর